

শিক্ষকদের দক্ষতা উন্নয়নে একাডেমি প্রয়োজন

—ইউজিসি চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি
কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান
অধ্যাপক আবদুল মান্নান বলেছেন,
বিশ্ববিদ্যালয় শিক্ষকদের পেশাগত
দক্ষতা উন্নয়নের জন্য এক বা
একাধিক ন্যাশনাল একাডেমি
প্রতিষ্ঠা করা প্রয়োজন।
বিশ্ববিদ্যালয়ের নবীন শিক্ষকদের
দক্ষতা উন্নয়নের জন্য নৈতিক
শিক্ষা, প্রেষণা এবং যোগাযোগীয়
দক্ষতার বিষয়টি বুনিয়েদি প্রশিক্ষণ
কোর্সে গুরুত্ব দিতে হবে।
গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়
শিক্ষকদের ১৫তম বুনিয়েদি প্রশিক্ষণ
কোর্সের সনদ বিতরণী অনুষ্ঠানে
প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা
বলেন। ইউজিসি সদস্য প্রফেসর ড.
মোহাম্মাদ মোহাক্কত খান, প্রফেসর
ড. আবুল হাশেম, প্রফেসর ড. মো.
আখতার হোসেন, প্রফেসর ড.
মোহাম্মাদ ইউসুফ আলী মোল্লা,
প্রফেসর ড. দিল আফরোজা বেগম
অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে
স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ কৃষি
বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট ট্রেনিং
ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর
ড. মোজাহার আলী। সংবাদ
বিজ্ঞপ্তি।